

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০২.২০১৪- ৬৮৭

তারিখঃ ০৫.১১.২০১৪ খ্রিঃাব্দ

আদেশ


যেহেতু, ডাঃ শাহ আবদুল লতিফ (৩৫১৫৭), অধ্যাপক (ফিজিওলজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্তঃ- ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা (প্রাক্তন পরিচালক (চিপিজি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে ১৮.০৮.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০০২.২০১৪-৬৩৮নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২১.১০.২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, ২০১১-২০১২ শিক্ষা বর্ষে ১ম বর্ষ এমবিবিএস/বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, মুদ্রণ, প্যাকেজিং বিতরণ ও গ্রহণের সংশ্লিষ্ট কাজের জন্য অধ্যাপক আব্দুল হাই (মেরহম), ডাঃ শাহাদাত হোসেন ও ডাঃ এ কে এম শামসুজ্জামান এর সমন্বয়ে একটি অনুমোদিত কমিটি গঠিত হয়। অধ্যাপক আব্দুল হাই (মেরহম) এর নেতৃত্বে ও তদারকিতে ২৯.০৮.২০১১ তারিখ হতে ০৯.০৯.২০১১ তারিখ পর্যন্ত প্রশ্নপত্র প্রণয়নের কাজ সম্পন্ন হয় এবং ১০.০৯.২০১১ তারিখ হতে স্বাস্থ্য অধিদপ্তরের প্রেসে ছাপার কাজ শুরু হয়। ১৩.০৯.২০১১ ইং তারিখে কাজের শেষে প্রেস হতে বের হওয়ার সময় রুটিন দেহতল্লাশী করে শ্রমিক শাহেনশাহ ঠাকুরের নিকট হতে একটি পূর্ণ প্রশ্নপত্র পাওয়া যায়। তাকে তাৎক্ষণিক পুলিশে সোপর্দ করে গুলশান খানায় এ বিষয়ে একটি মামলা রুজু হয় (মামলা নং-২৭, তারিখঃ- ১৪.০৯.২০১১)। অতঃপর উর্দতন কর্তৃপক্ষের পরামর্শে ২৩.০৯.২০১১ এর পরিবর্তে ৩০.০৯.২০১১ তারিখ পরীক্ষার জন্য পুনঃ নির্ধারিত করে, ১৫.০৯.২০১১ হতে ১৭.০৯.২০১১ তারিখের মধ্যে অত্যন্ত দ্রুততার সাথে স্বল্পতম সময়ে প্রশ্নপত্র প্রণয়ন ও ১৮.০৯.২০১১ তারিখে প্রশ্নপত্র পুনঃ মুদ্রনের কাজ শুরু হয়। দ্রুততার কারণে বাংলা প্রশ্নপত্রের ইংরেজি অনুবাদে কিছু অনিচ্ছাকৃত ত্রুটি হয়। এজন্য তিনি অত্যন্ত দুঃখিত, মর্মান্বিত, অনুতপ্ত এবং ক্ষমা প্রার্থী। বর্তমানে তিনি চাকুরির শেষ প্রান্তে উপনীত এবং অচিরেই পিআরএল-এ যাবেন;

যেহেতু, তিনি ২০১১-২০১২ সেশনে মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করেন এবং তিনি প্রশ্নপত্র প্রণয়ন কিংবা প্রশ্নপত্র ছাপানোর কাজের সাথে জড়িত ছিলেন না;

এক্ষেণে, সেহেতু, ডাঃ শাহ আবদুল লতিফ (৩৫১৫৭), অধ্যাপক (ফিজিওলজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্তঃ- ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় ভবিষ্যতের জন্য সতর্কপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০২.২০১৪- ৬৮৭/২(৬)

তারিখঃ ০৫.১১.২০১৪ খ্রিঃাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিনিয়র সহকারী সচিব (চিপি-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ শাহ আবদুল লতিফ (৩৫১৫৭), অধ্যাপক (ফিজিওলজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্তঃ- ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।

  
(মেড. আনওয়ার হোসেন)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisel@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৪- ৮৭৮

তারিখঃ ০৭.১১.২০১৪ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ এ. কে. এম. শামসুজ্জামান (৩৮৯৫২), অধ্যাপক ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আইইডিসিআর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিতে 'অসদাচরণ' এর দায়ে ১৬.০৬.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৪-৪৮৫৮নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৫.০৮.২০১৪ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, ২০১১-২০১২ শিক্ষা বর্ষে ১ম বর্ষ এমবিবিএস/বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, মুদ্রণ, প্যাকেজিং বিতরণ ও গ্রহণের সংশ্লিষ্ট কাজের জন্য অধ্যাপক আব্দুল হাই (মরহম), ডাঃ শাহাদাত হোসেন ও তার সমন্বয়ে একটি অনুমোদিত কমিটি গঠিত হয়। অধ্যাপক আব্দুল হাই (মরহম) এর নেতৃত্বে ও তদারকিতে ২৯.০৮.২০১১ তারিখে প্রশ্নপত্র প্রণয়নের কাজ শুরু হয়ে ১৩.০৯.২০১১ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরের নিজস্ব প্রেসে ছাপার কাজ সম্পন্ন হয়। ১৩.০৯.২০১১ ইং তারিখ কাজের শেষে প্রেস হতে বের হওয়ার সময় দুটিন অনুষায়ী শ্রমিক শাহেনশাহ ঠাকুরের দেহতলাশিকালে তার নিকট একটি পূর্ণ প্রশ্নপত্র পাওয়া যায়। বিষয়টি তাৎক্ষণিকভাবে প্রেসে কর্তব্যরত পুলিশকে অবহিত করে পুলিশে সোপর্দ করা হয়। পুনরায় নুতন করে প্রশ্নপত্র প্রণয়নের কাজ অত্যন্ত দ্রুততার সাথে শেষ করতে হয়। প্রশ্নপত্র সবসময় বাংলা ও ইংরেজি করা হয়ে থাকে এবং খুব অল্প সময়ের মধ্যে প্রশ্নপত্র তৈরী করতে হয়েছিল বিধায় বাংলা প্রশ্নের ইংরেজি অনুবাদে কিছু ত্রুটি হয়। এ অনিচ্ছাকৃত ত্রুটির জন্য তিনি অত্যন্ত দুঃখিত, অনুতপ্ত এবং ক্ষমা প্রার্থী; এছাড়া তিনি প্রথম বারের মত এ ধরনের প্রশ্নপত্র প্রণয়নের কমিটিতে অন্তর্ভুক্ত হয়ে কাজ করেছেন বলে জবাবে উল্লেখ করেছেন;

এক্ষেণে, সেহেতু, ডাঃ এ. কে. এম. শামসুজ্জামান (৩৮৯৫২), অধ্যাপক ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আইইডিসিআর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় ভবিষ্যতের জন্য সতর্কপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস


তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৪- ৮৭৮/২ (৮)

তারিখঃ ০৭.১১.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিনিয়র সহকারী সচিব (চিশি-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। ডাঃ এ. কে. এম. শামসুজ্জামান (৩৮৯৫২), অধ্যাপক ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আইইডিসিআর, মহাখালী, ঢাকা

  
(মেঃ আনোয়ার হোসেন)  
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১১-৮৭২

তারিখঃ ১৬.১১.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ এ কে এম মাকসুদুল হাসান (৩৬৬৩২), জুনিঃ কনঃ (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইশ্বরগঞ্জ, ময়মনসিংহ (প্রাক্তন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পীরগঞ্জ, ঠাকুরগাও), আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৭.০৩.২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১১-৩৫৪নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

ডাঃ এ কে এম মাকসুদুল হাসান (৩৬৬৩২)

জুনিয়র কনসালটেন্ট (গাইনী)

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

ইশ্বরগঞ্জ, ময়মনসিংহ


(স্থায়ী ঠিকানাঃ- গ্রামঃ- মুহুরিয়া বাড়ি, ডাকঘরঃ-ফাতেমা নগর, উপজেলা-ত্রিশাল, জেলা-ময়মনসিংহ)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১১-৮৭২/৮৪)

তারিখঃ ১৬.১১.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। সিভিল সার্জন, ময়মনসিংহ (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

  
(এ. এম. বদরুদ্দোজা)  
সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd